

মালঞ্চ : প্রসঙ্গ, নামকরণ, এবং উপন্যাস গুণ

কবি রবীন্দ্রনাথের কাব্যদৃষ্টির পরিচয় 'মালঞ্চ' উপন্যাসের মধ্যে বর্তমান। আলোচকেরা এই উপন্যাসের নামকরণ যে সার্থক হয়েছে এমন কথাও বলে থাকেন। আলোচকদের ক্রিয়ার কৃতিত্বের সাথে কাহিনিগত তাৎপর্য রয়েছে বলেই নামকরণটি সার্থক হয়েছে।

'মালঞ্চ' উপন্যাসের শুরু থেকে শেষ 'মালঞ্চ'র পটভূমিকায় লেখা। এই উপন্যাসের নায়ক-নায়িকার জীবনের সাথেও 'মালঞ্চ'র যোগটি ঘনিষ্ঠ। নীরজা এবং আদিত্যর বিবাহিত জীবনের সুখচিত্র রচিত হয়েছে 'মালঞ্চ'-কে অবলম্বন করে।

উপন্যাসে আদিত্য ছোটো থেকেই বাগানের চর্চা করার পরিবেশে বেড়ে উঠেছে। যদিও নীরজার ছোটোবেলাতে তেমন কোন সুযোগ ঘটেনি। নীরজা তার বিয়ের পর থেকে মালঞ্চর সাথে একান্ত করে দিয়ে স্বামী আদিত্যর ভালোবাসা অর্জন করতে পেরেছিল।

উপন্যাসের সরলা লালিত পালিত হয়েছে একটি মালঞ্চর পরিবেশে। সেখানে তার প্রথম জীবনের প্রেম জেগে উঠেছিল।

নীরজা রোগজীর্ণ হবার ফলে সরলা নতুন করে আদিত্যর জীবনে দেখা দেয়। সেই সময়ে প্রধান উপলক্ষ ছিল মালঞ্চ। এই উপলক্ষের কারণেই সরলা এবং আদিত্যর মধ্যে অন্তরঙ্গতা সৃজিত হয়।

রোগজীর্ণ নীরজা ক্রমে মালঞ্চদ্রষ্ট হয়। যে মালঞ্চের সাথে সে নিজেকে এক করে ফেলেছিল সেখানে এসে হাজির হয় তার প্রতিদ্বন্দ্বী। আর প্রতিদ্বন্দ্বী সরলার আগমনে নীরজা ক্রমে ঈর্ষাকাতর হয়ে ওঠে। নীরজার ঈর্ষার খোঁচাতেই 'মালঞ্চ' উপন্যাসের ঘটনায় জটিলতা জন্ম নেয়। উপন্যাসের গতি পরিবর্তিত হয়।

'মালঞ্চ' উপন্যাসের কাহিনির শেষ অবস্থাতে যদিও নারী হৃদয়ের একটি বিশেষ দিককেই প্রধান হিসেবে মনে হয়, সেখানেই 'মালঞ্চ'র প্রভাব খাটো নয়। নীরজার প্রায় সমস্ত আচরণ ও শেষ উক্তিই প্রেমবন্ধনার বিষয় তার উপলক্ষও ঐ 'মালঞ্চ' দ্রষ্টতা। 'মালঞ্চ' উপন্যাসটি মানব মনের বৃত্তি-প্রবৃত্তির কাহিনি বলা যায়। 'মালঞ্চ' উপন্যাসে বৃত্তি-প্রবৃত্তির ঘাত প্রতিঘাত তৈরি হয়েছে মালঞ্চর পরিবেশে। মালঞ্চর প্রভাবটিও এক্ষেত্রে

গুরুত্বপূর্ণ। কাহিনির কেন্দ্রীয় পটভূমি হিসেবে 'মালঞ্চ'র উপস্থিতি বর্তমান। সেই দিক থেকে উপন্যাসটির নামকরণ 'মালঞ্চ' সর্বার্থেই সার্থক।

মালঞ্চ উপন্যাসটিতে কাহিনির প্রথম অংশর ঘটনা অনেকটা আড়ালে থাকা নায়িকার মনের শেষ দিকটির একটি বিশেষ প্রবণতাকে ফুটিয়ে তুলেছে। ফলে জীবনের খণ্ডাংশের ছবি রয়েছে বলে অনেকে একে ছোটোগল্প বললেও 'মালঞ্চ' উপন্যাসই। উপন্যাসে যে বাস্তবতার দাবি আমরা খোঁজ করি 'মালঞ্চ'-তে তা আছে। ঘটনাবিন্যাসে ক্রমিক জটিলতা এবং জটিলতা মুক্তি—এবং চরিত্র বিকাশ 'মালঞ্চ'-তে রয়েছেই। যদিও বিস্তৃত ভাবে নেই। উপন্যাসে যা থাকলে ভালো হত। তবু বলা যায় মালঞ্চ ছোটোগল্প নয়, তা উপন্যাসই।